Phone: 62943 58884
81004 43472

Email-ID: basirhatmunicipality@yahoo.com
Website: www.basirhatmunicipality.in

# OFFICE OF THE ADMINISTRATOR
## BASIRHAT MUNICIPALITY

Basirhat, North 24 Parganas, Pin-743411

স্মারক নং: 754 / বপৌ / ২০২৬

তারিখ: 28 / 07 / ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: বসিরহাট পৌরসভার মালিকানাধীন পুকুরসমূহ লিজ প্রদান প্রসঙ্গে।**

এতদ্বারা সাধারণ জনগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বসিরহাট পৌরসভার মালিকানাধীন পুকুরসমূহ (তালিকা সংযুক্ত/কার্যালয়ে প্রদর্শিত) নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে লিজ প্রদান করা হইবে। আগ্রহী ব্যক্তি/সংস্থা নির্ধারিত শর্তাবলী মান্য করিয়া নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে পারিবেন।

**শর্তাবলী:**

১) লিজের মেয়াদ ৩ (তিন) বৎসর হইবে এবং উক্ত মেয়াদ আর্থিক বৎসর (Financial Year) হিসাবে গণ্য হইবে, অর্থাৎ ০১.০৪.২০২৬ তারিখ হইতে ৩১.০৩.২০২৯ তারিখ পর্যন্ত।

২) লিজ ফি প্রাথমিকভাবে এক (১) বৎসরের জন্য প্রদান করিতে হইবে। প্রতিটি আর্থিক বৎসরের অগ্রিম লিজ ফি সংশ্লিষ্ট বৎসরের ৩০শে এপ্রিলের মধ্যে বাধ্যতামূলকভাবে জমা দিতে হইবে।

৩) লিজ ফি কেবলমাত্র চেক (Cheque) অথবা ডিমান্ড ড্রাফট (Demand Draft)-এর মাধ্যমে, "বসিরহাট পৌরসভা" (Basirhat Municipality)-র অনুকূলে প্রদান করিতে হইবে। নগদ অর্থে কোনো ফি গ্রহণ করা হইবে না।

৪) লিজগ্রহীতা কর্তৃক পুকুর ব্যবহারের সময় কোনোরূপ পরিবেশগত ক্ষতিসাধন করা যাইবে না এবং পরিবেশগত ভারসাম্য (Ecological Balance) সর্বদা বজায় রাখিতে হইবে।

৫) উপরিউক্ত শর্তাবলীর কোনোরূপ বিচ্যুতি বা লঙ্ঘন যেকোনো সময় পরিলক্ষিত হইলে, পৌরসভা কর্তৃপক্ষ কোনোরূপ পূর্ব সূচনা ব্যতিরেকেই সংশ্লিষ্ট লিজ বাতিল করিবার সম্পূর্ণ অধিকার সংরক্ষণ করে এবং লিজগ্রহীতা এই বিষয়ে কোনোরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

৬) অন্যান্য আনুষঙ্গিক শর্তাবলী পৌরসভা কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তীতে নির্ধারিত হইবে এবং তাহা লিজ চুক্তিপত্রের অন্তর্ভুক্ত থাকিবে।

এই বিজ্ঞপ্তি বসিরহাট পৌরসভার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে স্থানীয় সংবাদপত্রে প্রচার করা হইল।

28/07/26

(স্বাক্ষরিত)
নির্বাহী আধিকারিক
বসিরহাট পৌরসভা
Executive Officer,
BASIRHAT MUNICIPALITY.

# বসিরহাট পৌরসভার অধীন পুকুরের তালিকা

| ক্রমিক সংখ্যা | স্থান | ওয়ার্ড নং |
|---|---|---|
| ১ | বসিরহাট হাই স্কুলের পাশে বোর্ডিং স্কুলের সামনে ২টি পুকুর | ৭ |
| ২ | আমিনিয়া মাদ্রাসার ২টি পুকুর | ১২ |
| ৩ | শহীদ দীনেশ মজুমদারের বাড়ির পুকুর | ১৪ |
| ৪ | গোলবাগান পুকুর | ২ |
| ৫ | এস.আই. অফিসে সংলগ্ন পুকুর | ৬ |
| ৬ | বসিরহাট পৌরসভার পিছনের পুকুর | ৯ |
| ৭ | শ্মশান ঘাটের পুকুর | ১১ |
| ৮ | পুরানো বাজার দাশপাড়া পুকুর | ১১ |
| ৯ | কলেজ হোস্টেলের ৪ টি পুকুর | ১০ |
| ১০ | রবীন্দ্রভবনে পিছনের পুকুর | ৯ |
| ১১ | দেশবন্ধু ক্লাবের পুকুর | ৯ |
| ১২ | ময়লাখোলার ৬ টি পুকুর | ৮ |
| ১৩ | পিকনিক স্পট –এর পুকুর | ১৫ |
| ১৪ | ইরিগেশন বাঙ্গলো পুকুর | ৬ |
| ১৫ | থানার পিছনের পুকুর | ১১ |
| ১৬ | শ্রীনগর কলোনীর পুকুর | ১০ |
| ১৭ | ভ্যাবলা কালীবাড়ির পাশের পুকুর | ২০ |
| ১৮ | ন্যাওড়া দিঘি | ১৯ |
| ১৯ | রামলাল রায় ভারত মাতা ক্লাব সংলগ্ন পুকুর | ১৪ |
| ২০ | রিলিফের পুকুর | ৮ |
| ২১ | হরিশপুর স্লুইস গেট সংলগ্ন পুকুর | ১৬ |
| ২২ | ময়লাখোলা মসজিদ পুকুর | ৮ |
| ২৩ | ভ্যাবলা পলিটেকনিক-এর পুকুর | ১৮ |
| ২৪ | রাধাগোবিন্দ কলোনীর পুকুর | ২০ |
| ২৫ | ট্যাঁটরা ফুটবল মাঠ পুকুর | ২০ |
| ২৬ | বাগাটী পুকুর | ১৭ |
| ২৭ | সূর্যকান্ত পার্ক পুকুর | ০৯ |

**মোট পকুরের সংখ্যা - ৩৭ টি**

(স্বাক্ষরিত)
নির্বাহী আধিকারিক
বসিরহাট পৌরসভা
Executive Officer,
BASIRHAT MUNICIPALITY.